Department of Education
Carmen Fariña, Chancellor

<P/G NAME>
<STUDENT NAME>-এর পিতামাতা/অভিভাবক
<STREET ADDRESS INCLUDING APT #>
<CITY, STATE ZIP>

ফেব্রুয়ারি ২০১৬

প্রিয় পিতামাতা/অভিভাবক,

সম্প্রতি সন্তানকে কিন্ডারগার্টেনে ভর্তির জন্য আবেদন করায় আপনাকে ধন্যবাদ। আবেদনপত্রে আপনি উল্লেখ করেছেন যে আপনার সন্তানের যাতায়াত করায় সহায়তার প্রয়োজন হয়- অর্থাৎ আপনার সন্তানের চলাফেরা করায় ক্ষমতা সীমিত এবং তার স্কুলে চলাফেরা সহজ করার জন্য বিশেষ ভবন ব্যবস্থাসম্পন্ন স্কুলের প্রয়োজন হতে পারে। যেমন, একটি ছেলেমেয়ের প্রয়োজন হতে পারে এলিভেটরসমৃদ্ধ একটি স্কুলের। প্রবেশযোগ্য (অ্যাক্সেসিবল) স্কুল সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এই চিঠির পৃষ্ঠা 2 দেখুন।

আমাদের রেকর্ড অনুযায়ী আপনি বর্তমানে কিন্ডারগার্টেনে উত্তরণ প্রক্রিয়ায় আছেন, যা আপনার সন্তানের স্কুল-বয়সীদের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্যতা নির্ধারণ করে (কিন্ডারগার্টেনের শুরুতে)। এই প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্য জানতে পৃষ্ঠা ৩ দেখুন। আপনার সন্তান কিনডারগার্টেনে বিশেষ শিক্ষা লাভের জন্য যোগ্য কিনা, এবং, যদি আপনার সন্তান যোগ্য হয়, তাহলে ২০১৬ সালের জন্য একটি আইপি প্রণয়ন করতে ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) সভায় আইইপি টিম সদস্য হিসেবে অংশগ্রহণের আমন্ত্রণ জানান হবে। আপনার সন্তানের প্রবেশযোগ্য স্কুল আবশ্যক বলে আইইপি টিম নিশ্চিত করলে আইপি-তে তা উল্লেখ করা হবে। আপনার সন্তানের চলাচলক্ষমতা সম্পর্কে প্রয়োজনীয় সকল তথ্য আইপি-তে অন্তর্ভুক্ত আছে, সেটা নিশ্চিত করতে অনুগ্রহ করে সন্তানের আইপি টিম-এর সাথে কাজ করুন। যদি প্রয়োজন হয়, তাহলে এই তথ্য আপনার সন্তানের প্রয়োজনের সাথে মানানই একটা স্কুল খুঁজে পেতে আমাদেরকে সহায়তা করবে।

আগামী কয়েক সপ্তাহের মধ্যে আমরা একটি স্কুলে ভর্তির প্রস্তাব পাঠাবো, যা হবে আপনার কিন্ডারগার্টেনের আবেদনপত্রের উপর ভিত্তি করে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, ভর্তির প্রাথমিক সিদ্ধান্তসমূহে প্রবেশযোগ্যতার বিষয়টি বিবেচনা করা ***হবে না***; তাই আপনার সন্তান এমন একটি স্কুলে ভর্তির প্রস্তাব পেতে পারে যা প্রবেশযোগ্য নয়। যদি আপনার সন্তানের স্কুল-বয়সী আইইপি-তে উল্লেখ থাকে যে তার প্রবেশযোগ্য স্কুল প্রয়োজন, এবং কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে যে স্কুলটির প্রস্তাব করা হয়েছে, সেটি যদি সন্তানের সীমিত চলাচলক্ষমতার প্রেক্ষিতে সামঞ্জস্যপূর্ণ না হয়, তাহলে আপনি ১৫ জুনের মধ্যেই একটি হালনাগাদকৃত প্রস্তাব লাভ করবেন (যাদেরকে ১ মার্চ, ২০১৬-এর আগে সুপারিশ করা হবে)।

আইইপি টিম যদি মনে করে যে সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন নেই, কিন্তু আপনার সন্তানের একটি প্রবেশযোগ্য স্কুলের প্রয়োজন আছে, তাহলে মার্চ মাসে যে স্কুলটিতে সন্তানকে ভর্তির প্রস্তাব দেওয়া হবে, সে স্কুলে আপনাকে 'রিকোয়েস্ট ফর অ্যাকোমোডেশন্স' (বিশেষ সুবিধার ব্যবস্থা) প্যাকেটের জন্য অনুরোধ জানাতে হবে। এ প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য পেতে পৃষ্ঠা 2 দেখুন।

অধিক তথ্যের প্রয়োজন হলে বা কোন প্রশ্ন থাকলে আমাদের সাথে যোগাযোগ করুন:

ট্রানজিশন টু কিন্ডারগার্টেন প্রোসেস (কিন্ডারগার্টেনে উত্তরণ প্রক্রিয়া):	Turning5@schools.nyc.gov 718-935-2007
৫০৫ বিশেষ সুবিধা প্রক্রিয়া:	section504inquiries@schools.nyc.gov 718-391-8116
কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া:	ESEnrollment@schools.nyc.gov 718-935-2009

বিশ্বস্ত,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন
স্পেশাল এডুকেশন অফিস
অফিস অব স্কুল হেলথ
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

Department of Education
Carmen Fariña, Chancellor

বিল্ডিং অ্যাক্সেসিবিলিটি (ভবনে প্রবেশযোগ্যতা)

কার্যকর প্রবেশযোগ্য বলতে কি বুঝানো হয়?

কার্যকর প্রবেশযোগ্য স্কুল হলো সেই স্কুল, যা এমন একটি আংশিক বা পূর্ণ প্রবেশযোগ্য স্কুল ভবনে অবস্থিত, যার সায়েন্স ল্যাবোরেটরি, লাইব্রেরি, ক্যাফেটেরিয়া ও জিমন্যাসিয়ামে যাতায়াতসহ স্কুলে প্রবেশের এবং সংশ্লিষ্ট সকল কর্মসূচি ও পরিষেবায় অংশগ্রহণের সুযোগ চলাচলক্ষমতা সীমিত ব্যক্তিদের রয়েছে। ন্যূনতম একটি রেস্টরুম প্রবেশযোগ্য।

সহায়সঙ্গতি

বরো অনুযায়ী কার্যকর প্রবেশযোগ্য স্কুলসমূহের একটি তালিকাসহ এনওয়াইসিডিওই-এর পাবলিক স্কুলসমূহের প্রবেশযোগ্যতা সম্পর্কে আরও তথ্য ডিওই-এর http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

কোন স্কুল প্রবেশযোগ্য কি না, কিন্ডারগার্টেন ডিরেক্টরির স্কুলের পাতাগুলোতেও তার উল্লেখ আছে। পৃষ্ঠাগুলোর উপরে ডানকোণে হুইলচেয়ারের ছবি আছে কি না, দেখুন। অনলাইনে ডিরেক্টরি দেখুন: www.nyc.gov/schools/kindergarten. এছাড়াও স্কুলটি আপনার প্রয়োজনীয় প্রবেশযোগ্যতার চাহিদা পূরণ করতে পারে কি না, সেটা জানার জন্য মার্চ মাস থেকে ভর্তি প্রক্রিয়া চলাকালে প্রস্তাবিত স্কুলে ফোন করতে বা পরিদর্শন করতে যেতে পারেন

সেকশন ৫০৪ অ্যাকোমোডেশন প্ল্যান প্রোসেস (বিশেষ সুবিধার পরিকল্পনা প্রক্রিয়া)

৫০৪ অ্যাকোমোডেশন প্ল্যান কী?

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের স্কুলে পুরোপুরি অংশগ্রহণে সমর্থ করে তোলার উদ্দেশ্যে তাদের জন্য যুক্তিসঙ্গত বিশেষ সুবিধার বন্দোবস্ত করা সরকারি স্কুলগুলির জন্য বাধ্যবাধক করার মাধ্যমে ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের সেকশন ৫০৪ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সুরক্ষা দিয়ে থাকে। ডিওই কীভাবে বিশেষ সুবিধার ব্যবস্থা করবে, এই প্ল্যান তার রূপরেখা প্রদান করে, শিক্ষার্থীদেরকে প্রবেশযোগ্য স্কুলের ভর্তির সুযোগ দেওয়া এর অন্তর্ভুক্ত হতে পারে।

কে যোগ্য?

যেসব শিক্ষার্থীর শারীরিক এবং/অথবা মানসিক প্রতিবন্ধীতা রয়েছে যা তাদের জীবনের এক বা একাধিক কর্মকাণ্ডে অংশগ্রহণের ক্ষমতাকে সীমিত করে দেয়, তারা স্পেশাল এডুকেশন সার্ভিস ছাড়াও ৫০৪ বিশেষ সুবিধা পরিকল্পনার যোগ্য হতে পারে।

প্রক্রিয়াটি কেমন?

সংযুক্ত **'রিকোয়েস্ট ফর অ্যাকোমোডেশন্স আন্ডার সেকশন ৫০৪'** ফরম (আপনার ও সন্তানের চিকিৎসকের দ্বারা পূরণীয় অংশসহ) এবং/অথবা প্রযুক্ত হলে হলে সংশ্লিষ্ট হেলথ/মেডিকেল ফরমসমূহ পূরণ করুন। মার্চ মাস থেকে কিন্ডারগার্টেনের ভর্তি প্রক্রিয়া চলাকালে প্রস্তাবিত স্কুলে সেগুলোকে জমা দিন। পর্যালোচনার পর যদি নির্ধারিত হয় যে আপনার সন্তানের প্রবেশযোগ্য স্কুল প্রয়োজন এবং যে স্কুলে ভর্তির প্রস্তাব করা হয়েছে তা সন্তানের সীমিত চলাচলক্ষমতার জন্য উপযুক্ত নয়, তাহলে ভর্তির জন্য নতুন প্রস্তাব দেওয়া হবে।

সহায়সঙ্গতি

৫০৪ বিশেষ সুবিধার ব্যবস্থা সম্পর্কিত আরও তথ্য পাওয়া যাবে ডিওই-এর http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms ওয়েবসাইটের **৫০৪ এফএকিউ** পেজ–এ। আপনি718-391-8116 নম্বরে ফোনে যোগাযোগ করতেও পারেন।

Department of Education
Carmen Fariña, Chancellor

ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) প্রক্রিয়া

একটি ছেলেমেয়ের স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতা এবং সে ছেলেমেয়ের প্রয়োজনীয় পরিষেবা ও সহায়তা প্রদানের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) পরিকল্পনার প্রমাণ দেয় ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)। স্পেশাল এডুকেশন সার্ভিস শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতি অর্জনে সহায়তা প্রদানের জন্য তৈরি করা হয়েছে; শিক্ষালাভের সক্ষমতায় উল্লেখযোগ্য প্রতিবন্ধকতার সৃষ্টিকারী শিক্ষাগত প্রতিবন্ধিতা থাকলেই শিক্ষার্থী স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য হবে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের কোন শিক্ষাগত প্রতিবন্ধিতা আছে এবং কিন্ডারগার্টেনে তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন রয়েছে, তাহলে আপনি যে ডিস্ট্রিক্ট-এ বাস করেন, সেখানকার কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই)- এর কাছে লিখিত দিয়ে স্পেশাল এডুকেশন মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। আপনার স্কুল ডিস্ট্রিক্ট কোনটি, সেটা খোঁজ করতে www.nyc.gov/schools/schoolsearch ওয়েবসাইটে আপনার ঠিকানা দিয়ে আপনার জোন স্কুল খোঁজে বের করুন বা 311 নম্বরে ফোন করুন। সিএসই-এর সাথে যোগাযোগের তথ্য পাওয়া যাবে http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ContactsResources/cse ওয়েবসাইটে বা 718-935-2007 নম্বরে ফোন করে।

সন্তানের পূনর্মূল্যায়নের পর আপনাকে সন্তানের আইইপি টিম- এর সদস্য হিসেবে আইপি সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানান হবে। কিন্ডারগার্টেনে আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য কি না, সে সভায় নির্ধারণ করা হবে, এবং যোগ্য হলে তার জন্য একটি স্কুল বয়সী আইপি প্রণয়ন করা হবে। আপনার সন্তানের কোন প্রবেশযোগ্য স্কুলের প্রয়োজন আছে কি না, সে সভায় আইপি টিম সেটাও নিশ্চিত করবে এবং প্রয়োজন আছে বলে নির্ধারিত হলে সেটা আইইপি-তে উল্লিখিত হবে। আপনার সন্তানের চলাচলক্ষমতা সম্পর্কে সম্ভাব্য সকল তথ্য আইপি-তে লিখে দিতে অনুগ্রহ করে সন্তানের টিম-এর সাথে কাজ করুন। যদি প্রয়োজন হয়, তাহলে এই তথ্য আপনার সন্তানের প্রয়োজনের সাথে মানানই একটা স্কুল খুঁজে পেতে আমাদেরকে সহায়তা করবে।

সন্তানের প্রবেশযোগ্য স্কুলের প্রয়োজনীয়তা সম্পর্কিত তথ্য প্রদানের জন্য (এবং ডাক্তারি বা অস্থিজনিত বৈকল্যের জন্য) যে স্কুল মনোবিদ্ আইপি মিটিং- এর পূর্ব থেকে আপনাকে সহযোগিতা দিচ্ছেন, আপনাকে নিম্নলিখিত ফরম তার কাছে জমা দিতে হবে:

- ডিওই-কে স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে ডাক্তারি তথ্য প্রদানের অনুমোদনের জন্য আপনার পূরণ করা ও সই করা **অথরাইজেশন ফর রিলিজ অব হেলথ ইনফরমেশন পারসুয়েন্ট টু এইচআইপিএএ**
- সন্তানের চিকিৎসকের পূরণ করা ও সই করা **রিকোয়েস্ট ফর মেডিকেল অ্যাকোমোডেশন টু বি কমপ্লিটেড বাই ফিজিশিয়ান**

উভয় ফরম, এবং কিন্ডারগার্টেন স্পেশাল এডুকেশনে উত্তরণ সম্পর্কিত বাড়তি তথ্য ডিওই-এর http://schools.nyc.gov/KindergartenSpecialEducation ওয়েবসাইটে পাওয়া যাবে।